যায়যায়দিন

তারিখঃ ২৪-১০-২০২৪ (পৃঃ ০৮)

কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)

গাজীপুর-১৭০১।

['নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন' (এলএসটিডি) শীর্ষক প্রকল্পের অধীন]

সমৃদ্ধির জন্য ধান

## আউটসোর্সিং পদ্ধতিতে গাড়িচালক ও জ্বালানীসহ পরিবহন সেবা (বারোটি পিক-আপ) ক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি

১. মন্ত্রণালয়/বিভাগের নাম : কৃষি মন্ত্রণালয়।
২. সংস্থা : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)।
৩. সংগ্রাহক স্বত্ত্বাধিকারীর নাম : প্রকল্প পরিচালক
৪. সংগ্রাহক স্বত্ত্বাধিকারীর কোড নং : প্রযোজ্য নয়।
৫. সংগ্রাহক স্বত্ত্বাধিকারীর জেলার নাম : গাজীপুর।
৬. সংগৃহীতব্য দরপত্রের ধরন : আউটসোর্সিং পদ্ধতিতে গাড়িচালক ও জ্বালানীসহ পরিবহন সেবা ক্রয় (এনসিটি)।
৭. দরপত্র আহ্বানের সূত্র নং : ১২.২২.০০০০.০০০.২৬.০০৪.২৩-১১.০
৮. তারিখ : ০৯.১০.২০২৪ খ্রিঃ।
৯. সংগ্রহ পদ্ধতি : উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)
১০. বাজেট ও অর্থের উৎস : রাজস্ব
১১. উন্নয়ন সহযোগী সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) : প্রযোজ্য নয়
১২. প্রকল্প/প্রস্তাব কোড নং (প্রযোজ্য ক্ষেত্রে) : ২২৪৩৭৮৯০০
১৩. প্রকল্প/কর্মসূচির নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : 'নতুন ০৬টি আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে স্থানভিত্তিক ধানের জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং বিদ্যমান গবেষণাগার উন্নয়ন' (এলএসটিডি) শীর্ষক প্রকল্প
১৪. দরপত্রের প্যাকেজ নং : এসডি/এলএসটিডি/বিআরআরআই-০১
১৫. দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় : ১৯.১১.২০২৪ খ্রিঃ তারিখ বিকাল ০৫: ০০ ঘটিকা পর্যন্ত।
১৬. দরপত্র দাখিল/গ্রহণের তারিখ ও সময় : ২০.১১.২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ০২: ৩০ ঘটিকা পর্যন্ত।
১৭. দরপত্র খোলার তারিখ ও সময় : ২০.১১.২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ০৩: ১৫ ঘটিকায়।
১৮. দরপত্রের সংক্ষিপ্ত বিবরণ : নিম্নের প্রদত্ত ছক/বিবরণ অনুযায়ী।

| কাজের নাম | দরপত্র জামানত (টাকার পরিমাণ) | দরপত্র দলিলের মূল্য (প্রতি সেট) | মন্তব্য |
|---|---|---|---|
| আউটসোর্সিং পদ্ধতিতে গাড়িচালক ও জ্বালানীসহ পরিবহন সেবা (বারোটি পিক-আপ) ক্রয় | ১২,৭৫,০০০/- (বারো লক্ষ পঁচাত্তর হাজার) টাকা | ৪০০০/- (দুই হাজার) টাকা | দরপত্র দলিলে বর্ণিত শর্তাবলী প্রযোজ্য হবে |

১৯. দরপত্র বিক্রয়ের স্থান : হিসাব বিভাগ, ব্রি-সদর দপ্তর, গাজীপুর-১৭০১।
২০. দরপত্র গ্রহণের স্থান : মহাপরিচালক মহোদয়ের দপ্তরের সম্মুখে রক্ষিত টেন্ডার বাক্সে।
২১. দরপত্র খোলার স্থান : ব্রি সদর দপ্তরের ভিআইপি কনফারেন্স রুমে দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
২২. দরপত্র ক্রয়ের নিয়মাবলী : দরপত্র দলিল ক্রয়ের জন্য প্রকল্প পরিচালক, এলএসটিডি প্রকল্প, ব্রি, গাজীপুর বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে লিখিত আবেদনের মাধ্যমে দরপত্র দলিল ক্রয় করা যাবে। উল্লেখ্য, প্রতিষ্ঠান/কোম্পানী ব্যতীত ব্যক্তিগত দরপত্র/আবেদন গ্রহণযোগ্য হবে না। দরপত্র দলিল ক্রয়ের আবেদনের সাথে হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স (ব্যবসার ধরন আউটসোর্সিং সংক্রান্ত হতে হবে) জমা দিতে হবে।
২৩. দরপত্র জামানতের ধরন : দরপত্রের সাথে যে কোন তফসিলি ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ক্রেডিট লাইন আকারে দরপত্র জামানত মহাপরিচালক, ব্রি, গাজীপুর এর বরাবরে জমা দিতে হবে।
২৪. প্রাক দরপত্র সভার স্থান, তারিখ ও সময় : প্রযোজ্য নয়।
২৫. দরপত্রদাতাগণের যোগ্যতা : সংশ্লিষ্ট কাজের যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আউটসোর্সিং সেবা সরবরাহকারী প্রকৃত প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।
২৬. দরপত্রের সাথে যে সমস্ত কাগজ জমা দিতে হইবে : (ক) চলতি অর্থবছরের নবায়নসহ ট্রেড লাইসেন্স (ব্যবসার ধরন আউটসোর্সিং সংক্রান্ত) (খ) ভ্যাট নিবন্ধন সনদপত্র (গ) টিন নম্বরসহ চলতি অর্থবছরের নবায়নকৃত আয়কর পরিশোধের সনদপত্রের ফটোকপি (ঘ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার বৈধ সনদপত্র জমা দিতে হবে। (ঙ) এ ছাড়াও দরপত্র দলিলে বর্ণিত অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র।
২৭. সংশ্লিষ্ট সেবামূলক কাজের সংক্ষিপ্ত বিবরণ : গাড়িচালক ও জ্বালানীসহ পিক-আপ: ১২ (বারো)টি
২৮. দরপত্র আহ্বানকারীর নাম : ড. মোঃ মোফাজ্জল হোসেন
২৯. দরপত্র আহ্বানকারীর পদবি : প্রকল্প পরিচালক
৩০. দরপত্র আহ্বানকারী অফিসের ঠিকানা : এলএসটিডি প্রকল্প অফিস, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১।
৩১. দরপত্র আহ্বানকারীর সাথে যোগাযোগের ঠিকানা : ই-মেইল: pdlstdbrri@gmail.com
৩২. বর্ণিত দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর উন্মুক্ত দরপত্র পদ্ধতি মোতাবেক পরিচালিত হবে। তবে ট্রান্সপোর্ট সার্ভিস ক্রয়ের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আউটসোর্সিং নীতিমালা এবং সময়ে সময়ে জারিকৃত পরিপত্র প্রযোজ্য হবে।
৩৩. ব্রি-কর্তৃপক্ষ যে কোন দরপত্র অথবা সকল দরপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।
৩৪. অনিবার্য কারণবশতঃ অত্র নোটিশে উল্লিখিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ করা সম্ভব না হলে, পরবর্তী কার্যদিবসে একই সময় ও স্থানে দরপত্র গ্রহণ ও খোলা হইবে।

২১/১০/২০২৪

(ড. মোঃ মোফাজ্জল হোসেন)
প্রকল্প পরিচালক
এলএসটিডি প্রকল্প, ব্রি।

কালের কণ্ঠ

তারিখঃ ২৪-১০-২০২৪ (পৃঃ ১১)

# বন্যার পরও আউশের বাম্পার ফলন

**সৌমিত্র চক্রবর্তী**, সীতাকুণ্ড (চট্টগ্রাম) ▷

প্রাকৃতিক দুর্যোগের মধ্যে চট্টগ্রামের সীতাকুণ্ডে আউশ ধানের বাম্পার ফলন হয়েছে। উপজেলা কৃষি বিভাগ সূত্রে জানা গেছে, সীতাকুণ্ডে এবার পাঁচ হাজার ৩০ হেক্টর জমিতে ১৮ হাজার ৫৬০ জন কৃষক নানান জাতের (ব্রিধান-৪৮ ও ব্রিধান ৯৮, উচ্চ ফলনশীল হাইব্রিড-৭) আউশ চাষ করেছেন।

মৌসুমের শুরু থেকে বন্যা, ঘূর্ণিঝড়সহ নানান প্রাকৃতিক দুর্যোগে আশঙ্কা দেখা দিলেও শেষ পর্যন্ত কৃষক ও কৃষি কর্মকর্তাদের আন্তরিকতায় হেক্টরপ্রতি ৪.৫ মেট্রিক টন ধান উৎপাদন হয়েছে। সরেজমিনে উপজেলার বিভিন্ন এলাকায় ধানক্ষেত ঘুরে দেখা যায়, সব আউশের জমি সোনালি ধানে ছেয়ে গেছে। অনেক জমি থেকে কাটা হচ্ছে ধান। কৃষকরা জানান, অনেক কৃষক এরই মধ্যে ধান কেটে বাড়িতে নিয়ে মাড়াইয়ের কাজও শেষ করেছেন। ফলে কৃষককুলে আনন্দ।

উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো. হাবীবুল্লাহ বলেন, রোপা আউশ ধানের বাম্পার ফলন হয়েছে।



সীতাকুণ্ডে কৃষকরা ধান কাটায় ব্যস্ত

এ বছর পাঁচ ৩০ হেক্টর জমিতে ১৮ হাজার ৫৬০ জন কৃষক ব্রিধান-৪৮ ব্রিধান ৯৮ জাতের আউশ ধানের চাষ করেছেন। এ ছাড়া উচ্চ ফলনশীল হাইব্রিড-৭ জাতেরও ধান চাষ করা হয়েছে এবার। এতে করে হেক্টরপ্রতি ধান উৎপাদন হয়েছে ৪.৫ মেট্রিক টন। তবে মৌসুমে বন্যায় অনেক কৃষক ক্ষতিগ্রস্তও হয়েছেন। এতে কেউ ক্ষতিগ্রস্ত আবার কেউ লাভবান হওয়ায় গড়ে উৎপাদন গত বছরের থেকে কম হয়েছে। বন্যা না হলে ফসল আরো অনেক বেশি হতো।

কালের কণ্ঠ